যুগান্তর

তারিখ: 24 JUN 2015
পৃষ্ঠা: 2 কলাম: 6

সাভার গণবিশ্ববিদ্যালয়

# অধ্যাপকের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ

**স্টাফ রিপোর্টার,** *সাভার*

সাভারে গণবিশ্ববিদ্যালয়ের রাজনীতি ও প্রশাসন বিভাগের এক অধ্যাপকের বিরুদ্ধে যৌন হয়রানির লিখিত অভিযোগ করেছে একই বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের প্রথম বর্ষের এক ছাত্রী। এ ঘটনায় বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষকে প্রধান করে ৫ সদস্যবিশিষ্ট কমিটি গঠন করে আগামী ৭২ ঘণ্টার মধ্যে তদন্ত প্রতিবেদন জমা দেয়ার কথা জানিয়েছেন ভিসি অধ্যাপক মেজবাহ উদ্দিন।

শিক্ষার্থীরা জানায়, রাজনীতি ও প্রশাসন বিভাগের শিক্ষক অধ্যাপক মখদুম-ই-মুলক-মাশরাফী আইন বিভাগের প্রথম বর্ষের এক ছাত্রীকে নিজ কক্ষে ডেকে নিয়ে তার গায়ে হাত দেয়াসহ তাকে শারীরিকভাবে যৌন হয়রানির চেষ্টা চালান। এ ঘটনায় যৌন হয়রানির শিকার ওই শিক্ষার্থী মঙ্গলবার বিকালে বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে লিখিত অভিযোগ করে। সন্ধ্যার পর এ ঘটনায় একটি তদন্ত কমিটি করা হয়েছে বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের ভিসি।